গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিরাজদিখান, মুন্সীগঞ্জ
www.sirajdikhan.munshiganj.gov.bd

স্মারক নম্বর- ০৫.৩০.৫৯৭৪.০০০.৩২.০০১.২১-১৭৮ তারিখ: ০১/০৩/২০২২ খ্রিস্টাব্দ

## "হাট বাজার দরপত্র বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখার ২১/০৯/২০১১ খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারিকৃত নীতিমালার আলোকে এবং জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয়ের কার্যালয়ের ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ১৯৩ নং স্মারকপত্রে ক্যালেন্ডার অনুমোদনের প্রেক্ষিতে সিরাজদিখান উপজেলার নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ১৪২৯ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) দরপত্র নিম্নবর্ণিত নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে মুন্সীগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, উপজেলা ভূমি অফিস, সিরাজদিখান, সোনালী ব্যাংক লিঃ, সিরাজদিখান শাখা, অফিসার ইন চার্জ, সিরাজদিখান থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন দুপুর ০১.০০ টা পর্যন্ত মুন্সীগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের, রাজস্ব শাখা, পুলিশ সুপার, মুন্সীগঞ্জ এর কার্যালয়, উপজেলা ভূমি অফিস, সিরাজদিখান ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং একই দিন দুপুর ০৩.০০ টায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

### "হাট বাজারের তালিকা"

| নং | হাট বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | শেখরনগর বাজার | শেখরনগর | ২,০৬,৫৫৯/- | ১,২০০/- |
| ০২ | বরাম বাজার | -ঐ- | ১০,৩৫৩/- | ৫০০/- |
| ০৩ | রাজানগর বাজার | রাজানগর | ৯৪,৫৭৬/- | ৫০০/- |
| ০৪ | সৈয়দপুর বাজার | -ঐ- | ৩০,৬৮২/- | ৫০০/- |
| ০৫ | শুলপুর ভূইয়া বাড়ী বাজার | কেয়াইন | ৪,০৮১/- | ৫০০/- |
| ০৬ | নিমতলা বাজার | -ঐ- | ১,৩৮,৩৩০/- | ১,০০০/- |
| ০৭ | কুচিয়ামোড়া বাজার | -ঐ- | ২৮,৩৯৩/- | ৫০০/- |
| ০৮ | ইমামগঞ্জ বাজার | বাসাইল | ৪৪,৩৪৩/- | ৫০০/- |
| ০৯ | বালুচর হাট | বালুচর | ৪,৫১,২০৭/- | ১,৬০০/- |
| ১০ | সিরাজদিখান হাট-বাজার | রশুনিয়া | ৫,৮৪,১৩১/- | ১,৮০০/- |
| ১১ | ইছাপুরা বাজার | ইছাপুরা | ৪,৪০,০৭৭/- | ১,৬০০/- |
| ১২ | তালতলা হাট-বাজার | মালখানগর | ৩,৬২,৫২০/- | ১,৪০০/- |
| ১৩ | মধ্যপাড়া বাজার | মধ্যপাড়া | ৪৮,৬৫৪/- | ৫০০/- |
| ১৪ | নয়াগাও মাদবরের হাট | লতব্দী | ৪৬,১৮১/- | ৫০০/- |

সিডিউল বিক্রয়, দরপত্র দাখিলের তারিখ

| বিবরণ | ১ম পর্যায় | ২য় পর্যায় | ৩য় পর্যায় |
|---|---|---|---|
| সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | ১৪/০৩/২০২২ খ্রিঃ | ২২/০৩/২০২২ খ্রিঃ | ২৯/০৩/২০২২ খ্রিঃ |
| দরপত্র দাখিলের তারিখ | ১৫/০৩/২০২২ খ্রিঃ | ২৩/০৩/২০২২ খ্রিঃ | ৩০/০৩/২০২২ খ্রিঃ |

## ১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪২৯ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিল ব্যাংকে ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে সংযুক্ত করে দরপত্র জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জামাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর ১-১১৪১-০১১৫-০১১১ কোড নম্বরে এবং ১৫% ভ্যাট ১-১১৩৩-০০১০-০৩১১ কোড নম্বরে চালানের মাধ্যমে জমা করে অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্যের অপেক্ষা কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত হাট বাজার বা এর কোন অংশ বিশেষ অন্যের নিকট ইজারা বা সাব লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক (ইজারাদার নিজ দায়িত্বে) ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা মাজা, কাটা কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য যে, ১ম দরপত্র দাখিলের তারিখে উল্লিখিত হাট বাজারের কাংখিত ইজারামূল্য পাওয়া গেলে পরবর্তী ধার্য্য তারিখে ঐ হাট বাজারের আর দরপত্র আহ্বান করা হবে না।

০৭/০৬/২০২২

(সৈয়দ ফয়েজুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
সিরাজদিখান, মুন্সীগঞ্জ
ফোনঃ ০২-৭৬২৮০০১
ই-মেইল unoserajdikhan@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৩০.৫৯৭৪.০০০.৩২.০০১.২১-২৭৮ (২০০)

তারিখ: ০১/০৩/২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি (অবগতির জন্য):

১। মাহী বদরুদ্দোজা চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
৪। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ
৮। উপজেলা নির্বাহী অফিসার, .............................................. (সকল), মুন্সীগঞ্জ
৯। সহকারী কমিশনার (ভূমি), সিরাজদিখান, মুন্সীগঞ্জ
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ
১১। উপজেলা.............................................................................. সিরাজদিখান, মুন্সীগঞ্জ
১২। সহকারী প্রোগ্রামার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ (তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩। চেয়ারম্যান.............................................(সকল) ইউ.পি, সিরাজদিখান, মুন্সীগঞ্জ (তাঁকে নিজ নিজ এলাকায় ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল)
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..........................................ইউনিয়ন ভূমি অফিস, সিরাজদিখান (তাঁকে বিজ্ঞপ্তিটি নিজ নিজ এলাকায় ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে সার্ভিস রিটার্ণ দাখিল করার জন্য অনুরোধ করা হল)
১৫। প্রাক্তন ইজারাদার ..........................................................হাট বাজার, সিরাজদিখান।
১৬। অফিস কপি/ নোটিশ বোর্ড

০৭/০৬/২০২২

উপজেলা নির্বাহী অফিসার
সিরাজদিখান, মুন্সীগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিরাজদিখান, মুন্সীগঞ্জ
www.sirajdikhan.munshiganj.gov.bd

স্মারক নম্বর : ০৫.৩০.৫৯৭৪.০০০.৩২.০০৪.২০- ১৭৬ তারিখ : ০১/০৩/২০২২ খ্রিস্টাব্দ

## " দরপত্র বিজ্ঞপ্তি "

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের বিগত ১৯-০৪-২০০৩ খ্রি. তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২)নং স্মারকের নীতিমালার আলোকে সিরাজদিখান উপজেলার নিম্নবর্ণিত খেয়াঘাট সমূহ বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী পেশাদার পাটনী/ব্যক্তি প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র গ্রহণের পূর্ব দিন পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) দরপত্র নিম্নবর্ণিত নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা,মুন্সীগঞ্জ; সহকারী কমিশনার (ভূমি),সিরাজদিখান এর কার্যালয়; অফিসার ইন-চার্জ,সিরাজদিখান থানা; সোনালী ব্যাংক লিঃ, সিরাজদিখান শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে এবং দরপত্র দাখিলের দিন দুপুর ০১:০০ মিঃ পর্যন্ত জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয়ের কার্যালয়ের রাজস্ব শাখা, উপজেলা ভূমি অফিস, সিরাজদিখান ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকাল ৩:০০ টার সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। উল্লেখ্য যে, ১ম দরপত্র দাখিলের তারিখে কোন খেয়াঘাটের কাঙ্খিত ইজারামূল্য পাওয়া না গেলে সিডিউল অনুযায়ী পরবর্তী ধার্য তারিখে ঐ খেয়াঘাটের দরপত্র আহবান অব্যাহত থাকবে।

### খেয়াঘাটের বিবরণ

| নং | খেয়াঘাটের নাম | ইউনিয়নের নাম | সম্ভাব্য দর | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১। | বরাম ফৈনপুর কালসুর খেয়াঘাট | শেখরনগর | ২১,০১০ | ৫০০ |
| ২। | শেখরনগর ঘনশ্যামপুর খেয়া ঘাট | -ঐ- | ২৪,৪৭৫ | ৫০০ |

### সিডিউল বিক্রয় ও দরপত্র গ্রহণের তারিখ

| বিবরণ | ১ম দরপত্র | ২য় দরপত্র | ৩য় দরপত্র |
|---|---|---|---|
| সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | ১৪/০৩/২০২২ খ্রিঃ | ২২/০৩/২০২২ খ্রিঃ | ২৯/০৩/২০২২ খ্রিঃ |
| দরপত্র দাখিলের তারিখ | ১৫/০৩/২০২২ খ্রিঃ | ২৩/০৩/২০২২ খ্রিঃ | ৩০/০৩/২০২২ খ্রিঃ |

### ইজারার শর্তাবলী

০১। জন্মগত পেশাদার পাটনীগণকে ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পেশাদার পাটনী হিসেবে প্রদত্ত প্রত্যয়নপত্র এবং জাতীয় পরিচয় পত্র দাখিল করে দরপত্র গ্রহণ এবং দাখিল করতে হবে।

০২। বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য খেয়াঘাট ইজারা দেয়া হবে।

০৩। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখানের অনুকূলে দরপত্রের সাথে সংযুক্ত করে দরপত্র জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ১৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত খেয়াঘাট নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে অথবা ইজারার শর্তভঙ্গ করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৪। যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৮৫%(পঁচাশি ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর ৫% আয়কর ১-১১৪১-০১১৫-০১১১ কোড নম্বরে এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) ১-১১৩৩-০০১০-০৩১১ কোড নম্বরে চালানের মাধ্যমে জমা করে একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় খেয়াঘাটের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট খেয়াঘাটের সরকারি দর হতে কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয় বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর গড় ইজারা মূল্য হতে কম হয় তাহা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৬। এক খেয়াঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক খেয়াঘাটের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত খেয়াঘাটের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৭। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও খেয়াঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। পার্টনী হলে পার্টনী উল্লেখ করতে হবে।

০৮। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে খেয়াঘাটের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচার করবেন।

০৯। প্রত্যেক খেয়াঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত খেয়াঘাট বা এর কোন অংশ বিশেষ অন্যের নিকট ইজারা/ সাব লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ৩(তিন)কার্যদিবসের মধ্যে ১৫০/-নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক নিজ উদ্যোগে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২। দুই বা ততোধিক দরপত্রের দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ইজারাদার নিজ খরচে খেয়াঘাট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৫। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক খেয়াঘাট ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭। খেয়াঘাটের ইজারার টাকা সরকারী দাবী আদায় অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৮। চুক্তিপত্রের যেকোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

( সৈয়দ ফয়েজুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
সিরাজদিখান, মুন্সীগঞ্জ
ফোন-০২-৭৬২৮০০১
ই-মেইল- unoserajdikhan@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৩০.৫৯৭৪.০০০.৩২.০০৪.২০- ১৭৬(১০০)    তারিখ : ০১/০৩/২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি (অবগতির জন্য):

১। মাহী বদরুদ্দোজা চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
৪। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
৭। উপজেলা নির্বাহী অফিসার, ............................................ (সকল)
৮। সহকারী কমিশনার (ভূমি),সিরাজদিখান, মুন্সীগঞ্জ
৯। উপজেলা.................................................................., সিরাজদিখান, মুন্সীগঞ্জ
১০। চেয়ারম্যান.........................................(সকল) ইউ.পি, সিরাজদিখান, মুন্সীগঞ্জ (তাঁকে নিজ নিজ এলাকায় ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল)
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..................................ইউনিয়ন ভূমি অফিস, সিরাজদিখান (তাঁকে বিজ্ঞপ্তিটি নিজ নিজ এলাকায় ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে সার্ভিস রিটার্ণ দাখিল করার জন্য অনুরোধ করা হল)
১২। ইজারাদার ......................................................................হাট বাজার, সিরাজদিখান।
১৩। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
সিরাজদিখান, মুন্সীগঞ্জ